গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপসহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
কুড়িগ্রাম।

স্মারক নং-৫৮.০৩.৫৫৪৯.০০৩.৭৩.০০০.১৯-

তারিখ ঃ ২৬/০২/২০২৫ খ্রিঃ।

প্রতি ঃ নির্বাহী প্রকৌশলী
গনপুর্ত বিভাগ
কুড়িগ্রাম।

বিষয় ঃ আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষে পরীক্ষামূলকভাবে বৈদ্যুতিক সাইরেন বাজানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে বিনয়ের সাথে জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র রমজান/২০২৫ মাসে কুড়িগ্রাম জেলার ধর্মপ্রাণ মুসলমানদের ইফতার ও সেহরি'র সময় সংকেত হিসেবে বৈদ্যুতিক সাইরেন বাঁজানো হয়। অত্র দপ্তরের আওতাধীন কুড়িগ্রাম, নাগেশ্বরী, চিলমারী, কর্তীমারী, ফুলবাড়ী, রাজারহাট ও রাজিবপুর ফায়ার স্টেশনের বৈদ্যুতিক সাইরেনগুলির কার্যকারিতা সঠিক আছে কি না তাহা পরীক্ষামূলক ভাবে বাঁজানো একান্ত অপরিহার্য্য। সেহেতু ২৭/০২/২০২৫ খ্রীঃ তারিখ ১০.০০ ঘটিকার সময় পর্যায়ক্রমে বৈদ্যুতিক সাইরেনগুলি জনস্বার্থে পরীক্ষামূলক ভাবে আড়াই মিনিট কাল একটানা একাধিক বার বাঁজানোর নিমিত্তে মহোদয়ের দপ্তর হইতে একজন উপ-সহকারী প্রকৌশলী ও ইলেকট্রিশিয়ান যথাসময়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কুড়িগ্রাম, নাগেশ্বরী, চিলমারী, কর্তীমারী, ফুলবাড়ী, রাজারহাট ও রাজিবপুর ফায়ার স্টেশনে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

উপসহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
কুড়িগ্রাম।

স্মারক নং-৫৮.০৩.৫৫৪৯.০০৩.৭৩.০০০.১৯-২৫৫/১(২৭)

তারিখ ঃ ২৬/০২/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল ঃ

০১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০২। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
০৩। উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর বিভাগ, রংপুর।
০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নাগেশ্বরী/চিলমারী/কর্তীমারী/রাজারহাট/ফুলবাড়ী/রাজিবপুর।
০৫। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর।
০৬। অধিনায়ক, বাংলাদেশ বডারগার্ড, কুড়িগ্রাম।
০৭। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, কুড়িগ্রাম। পবিত্র রমজানের সেহরী ও ইফতারের সময়সূচী সরবরাহের জন্য অনুরোধ করা হল।
০৮। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম। উক্ত বিষয়টি মাইকযোগে ব্যাপক ভাবে প্রচারের মাধ্যমে জনসাধারণকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।
০৯। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম ও ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কুড়িগ্রাম/নাগেশ্বরী/চিলমারী/কর্তীমারী/রাজারহাট/ফুলবাড়ী/ রাজিবপুর। উক্ত সময়ে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল।
১০। সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কুড়িগ্রাম/নাগেশ্বরী/চিলমারী/কর্তীমারী/রাজারহাট/ফুলবাড়ী/রাজিবপুর। বৈদ্যুতিক সাইরেনগুলি পরীক্ষামূলক ভাবে বাজানোর নিমিত্তে গণপূর্ত বিভাগের সহিত যোগাযোগ করে যথাসময়ে বৈদ্যুতিক সাইরেনগুলি বাঁজানোর পর কার্যকারিতার বিষয়ে অত্র দপ্তরে প্রতিবেদন দাখিলের জন্য এবং পবিত্র রমজান মাসে সেহরী ও ইফতারের সময় স্থানীয় সময়সূচী অনুযায়ী সাইরেনগুলি যথানিয়মে সঠিকভাবে বাঁজানোর নির্দেশ প্রদান করা হল।

২৬/০২/২৫

উপসহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
কুড়িগ্রাম।